



মিটফোর্ডে ব্যবসায়ী হত্যার বিচারের দাবিতে ঢাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ



সংগৃহীত ছবি

রাজধানীর পুরান ঢাকার স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল এলাকায় চাঁদ মিয়া ওরফে সোহাগ নামে এক ব্যবসায়ীকে পাথর দিয়ে নৃশংসভাবে হত্যার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

গুৱাবার (১১ জুলাই) সন্ধ্যা সাড়ে ৭টায় বিশ্ববিদ্যালয়ের হল পাড়া থেকে শুরু হয়ে মিছিলটি ভিসি চত্বরে গিয়ে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়।

বিক্ষোভকারীরা অভিযোগ করেন, চাঁদা না দেওয়ায় যুবদলের নেতাকর্মীরা প্রকাশ্যে ব্যবসায়ী সোহাগকে হত্যা করে এবং হত্যার পর তার মরদেহের ওপর নৃত্য করে বর্বরতার নজির স্থাপন করে। মিছিল চলাকালে শিক্ষার্থীরা ‘তারেক রহমান জবাব দে’, ‘বিএনপির সন্ত্রাস রুখে দেবে ছাত্রসমাজ’, ‘যুবদলের চাঁদাবাজরা হুঁশিয়ার’ ইত্যাদি শ্লোগানে মুখর ছিলেন।

ঢাবির শিক্ষার্থী এবি জুবায়ের বলেন, “আমরা দেশকে গুছিয়ে নেওয়ার চেষ্টা করছি, কিন্তু একমাত্র বাধা হয়ে দাঁড়িয়েছে একটি রাজনৈতিক দল। সোহাগ হত্যার ভিডিও সামনে এসেছে। প্রস্তর যুগে ফিরে যাচ্ছি কি না, সে প্রশ্ন এখন উঠে এসেছে।”

বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের সভাপতি বিন ইয়ামিন মোল্লা বলেন, “বিএনপি নিজেদের নেতাকর্মীদের নিয়ন্ত্রণে রাখতে পারছে না। ১৬ বছর মজলুম থাকার পর এখন তারা জুলুমে নেমেছে। এক ব্যবসায়ীকে হত্যা করে প্রমাণ করেছে— তারা আর আগের অবস্থানে নেই।”

তিনি আরও বলেন, “এই দশ মাসে বিএনপি শতাধিক খুন করেছে। সব হত্যাকাণ্ডের বিচার চাই। সংস্কার ছাড়া কোনো নির্বাচন হবে না— এ দাবিও আমরা জানাচ্ছি।”